# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ হতাশাজনক কিছু ঘটলে

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

হতাশাজনক কিছু ঘটলে

মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ‘‘আল্লাহর নিকট বলবান মু’মিন দুর্বল মু’মিন অপেক্ষা উত্তম এবং প্রিয়। অবশ্য উভয়েই মঙ্গল আছে। তোমাকে যে বস্তু উপকৃত করবে তার প্রতি যত্নবান হও এবং আল্লাহর নিকট সাহায্য প্রার্থনা কর। আর হতাশ হয়ে হাল ছেড়ে দিয়ে অক্ষমতা প্রকাশ করো না। যদি অপ্রিয় কিছু তোমার ঘটেই থাকে, তাহলে এ কথা বলোনা যে, যদি আমি এই করতাম, তাহলে এই হতোনা’ ইত্যাদি। বরং বলঃ (قدر الله وما شاء فعل) (ক্বাদ্দারাল্লা-হু অমা শা-আ ফাআল।) অর্থাৎ- আল্লাহ ভাগ্য নির্ধারিত করেছেন এবং তিনি যা চেয়েছেন তা করেছেন। যেহেতু যদি-যদি’ করা শয়তানের কর্মদ্বার উন্মুক্ত করে।’’ (মুসলিম ৪/২০৫২) সুতরাং আক্ষেপ ও হা-হুতাশ পরিহার করে নতুনভাবে কর্ম শুরু করাই দরকার।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11754

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন